# জুনিয়র বৃত্তি পরীক্ষা-২০২৫

বিষয়: বাংলা  কোড নম্বর: ১০১

বহুনির্বাচনি অভীক্ষা

| প্রশ্ন নম্বর | উত্তর | প্রশ্ন নম্বর | উত্তর |
|---|---|---|---|
| ১ | ঘ. স্কুল-কলেজের ছাত্র | ১১ | খ. সুবন্ত |
| ২ | ক. বিচুলিগাদায় | ১২ | ক. পুঞ্জ, মালা, রাজি |
| ৩ | ক. বর্ষা | ১৩ | ঘ. সমষ্টিবাচক বিশেষ্য |
| ৪ | গ. নদীর স্বপ্ন | ১৪ | গ. দ্বিকর্মক ক্রিয়া ও ঘ. প্রযোজক ক্রিয়া |
| ৫ | ক. কহিলেন শেষে ক্রুর হাসি হেসে, “আচ্ছা, সে দেখা যাবে।” | ১৫ | ঘ. গোছগাছ |
| ৬ | ঘ. অরণ্য নিধন লক্ষ্য করে। | ১৬ | ক. সেমিকোলন |
| ৭ | ঘ. আশীর্বাদ | ১৭ | **গ. পরাহ** |
| ৮ | খ. ii | ১৮ | খ. ক্ষ |
| ৯ | খ. খাবারের ভাগ দিবে না। | ১৯ | ঘ. তটিনী |
| ১০ | ঘ. পূণ্যাহ | ২০ | গ. অর্থের অহংকার |

## সৃজনশীল প্রশ্নের নমুনা উত্তর:

**(এটি প্রশ্নোত্তরের একটা নমুনা উত্তর যা উত্তরপত্র মূল্যায়ণের ক্ষেত্রে পরীক্ষকের জন্য নির্দেশনা মাত্র।)**

১। (ক) রহমত আলী/মোড়লের বিশ্বাসী চাকর রহমত আলী।

(খ) রহমত আলীর অজ্ঞতা/রোগ সম্পর্কে রহমতের জ্ঞানের অভাব।

মোড়ল বাঁচবে কিনা তা জানতে চাওয়ায় কবিরাজ এ কথা বলেছিলেন।

মানুষ ও প্রাণী অমর নয়। বেঁচে থাকবে, নাকি মারা যাবে তা একমাত্র আল্লাহ জানেন।

(গ) লোভের দিক থেকে উদ্দীপকের রিপন চরিত্রটি মোড়ল চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ।

(ঘ) মন্তব্যটি যথার্থ। অন্যায়ভাবে উপার্জন করলে তার শাস্তি ভোগ করতে হয়। কখনো কখনো তা প্রাকৃতিকভাবেও হয়ে থাকে। অত্যাচারী মোড়ল তার কৃতকর্মের ফল হাড়ে হাড়ে ভোগ করেছিল।

২। (ক) সান্ধ্য আইন/ নির্ধারিত সময়ে বড়ির বাইরে বা রাস্তায় না যাওয়ার সাময়িক নির্দেশ।

(খ) ‘গণ’ অর্থ জনগণ। গণের অভ্যুত্থান হলো গণঅভ্যুত্থান। শাসক শ্রেণির অত্যাচারে সাধারণ মানুষ ক্ষুব্ধ হয়ে আন্দোলন করে তাদের দাবী মেনে নিতে বাধ্য করে বা শাসক শ্রেণিকে ক্ষমতা থেকে সরে যেতে বাধ্য করে তাকে বলে গণঅভ্যুত্থান।

(গ) সাদৃশ্যপূর্ণ দিকটি হলো অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ/আপোষহীন মনোভাব।

শাসকগোষ্ঠীর অত্যাচারে অতিষ্ঠ জনগণ এক পর্যায়ে রুখে দাঁড়ায়। জীবন দিয়ে অধিকার প্রতিষ্ঠা করেছে, তবু মাথা নত করেনি।

(ঘ) ‘আন্দোলনের প্রেক্ষাপট ভিন্ন হলেও লক্ষ্য ছিল অভিন্ন’-মন্তব্যটি যথার্থ।

আন্দোলনকারীরা কখনো আপোষ করেনি। অধিকার আদায়ের ক্ষেত্রে তারা ছিল অনড়। শেষ পর্যন্ত লক্ষ্য অর্জনে তারা সক্ষম হয়।

৩। (ক) মনের দৃঢ় ইচ্ছা।

(খ) সমালোচনার ভয়ে/কাপুরুষোচিত মনোভাবের কারণে।

আত্মবিশ্বাসের অভাবে ভয় ও সমালোচনার উর্ধ্বে উঠতে না পারায়।

(গ) মহৎ উদ্যোগের বিরোধিতা করা। কোন ব্যক্তি কোন মহৎ উদ্যোগ নিলে তাকে সহযোগিতা না করে বরং তার কাজের সমালোচনা করে অনেকে তা ভন্ডুল করে দেয়। ফলে সে উদ্যোগ ব্যর্থ হয়।

(ঘ) উদ্দীপকের সেলিম ভূঞা ‘পাছে লোকে কিছু বলে’ কবিতার কবির প্রত্যাশা পূরণে সম্পূর্ণভাবে সক্ষম হয়েছেন। তিনি সকল প্রকার বাধা, ভয়, সমালোচনা উপেক্ষা করে এগিয়ে যান এবং সফল হন।

৪। (ক) পানিপথে/বাদশা লোদি পানিপথে নিহত হন।

(খ) প্রতিশোধ নেয়ার জন্য। রাজপুতনার মেবার রাজ্যের অধিপতি সংগ্রাম সিংহ বাবুরের কাছে পরাজিত হন। রাজপুত যুবক চৌহান এ পরাজয় মেনে নিতে পারেনি। তাই সে বাবুরকে হত্যা কতে চায়।

(গ) বাবুর/ছদ্মবেশি বাবুর।

উভয়ই নিঃস্বার্থভাবে পরের কল্যাণে আত্মনিবেদন করেন।

(ঘ) মন্তব্যটি যথার্থ।

উদ্দীপকে শুধুমাত্র পরের কল্যাণে আত্মনিবেদনের দিকটি প্রতিফলিত হয়েছে। অপরদিকে ‘বাবুরের মহত্ত্ব’ কবিতায় বাবুরের মানবিক মূল্যবোধ, মহৎ আদর্শ, রাজ্য জয়, প্রজাদরদী মনোভাব ইত্যাদি প্রকাশ পেয়েছে যা উদ্দীপকে অনুপস্থিত। তাই এটি ‘বাবুরের মহত্ত্ব’ কবিতার খন্ডচিত্র মাত্র, পূর্ণরূপ আরো ব্যাপক।

## বর্ণনামূলক প্রশ্ন

(নম্বর প্রদান নির্দেশিকা/রুব্রিক্স)

৫। (ক (i) উত্তর প্রাসঙ্গিক হলে এবং সম্পূর্ণ উত্তর লিখতে পারলে ২ নম্বর পাবে।

(ii) ব্যাকরণগত দিক বিশেষ করে যতিচিহ্ন ও প্রমিত ভাষা ব্যবহার করতে পারলে ১ নম্বর পাবে।

এর ব্যতিক্রম হলে পরীক্ষক নিজ বিবেচনায় নম্বর দিবেন।

(খ) (i) উত্তর প্রাসঙ্গিক হলে এবং সম্পূর্ণ উত্তর লিখতে পারলে ২ নম্বর পাবে।

(ii) উপযুক্ত শব্দচয়ন ও প্রমিত ভাষা ব্যবহার করতে পারলে ২ নম্বর পাবে।

(iii) ব্যাকরণগত দিক বিশেষ করে যতিচিহ্ন ও সঠিক বাক্য গঠন করতে পারলে ২ নম্বর পাবে।

(iv) শুদ্ধ বানানের জন্য ১ নম্বর পাবে।

এর ব্যতিক্রম হলে পরীক্ষক নিজ বিবেচনায় নম্বর দিবেন।

**সকল ক্ষেত্রেই প্রাসঙ্গিকতা বিবেচনা করতে হবে।**

**প্রণয়নেঃ**


| | |
|---|---|
| **এস.এম. আমান-উর-রশিদ**<br>**মুঠোফোনঃ ০১৩০৯১০৮১৪০** | **হাবিবা আহমেদ**<br>**মুঠোফোনঃ ০১৯১২৯৫৩২৫৮** |